**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 05.06.2026** **Desk in Charge: SDG**
**Time: 1-30 PM** **Edit. & Compile. : Srijit M./ Anindya C.**
**DEO: KB** **NRT: Srijit M.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১) রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া চলতি অর্থবর্ষে এই নিয়ে টানা দ্বিতীয়বার সুদের হার অপরিবর্তিত রেখেছে।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী ২৩শে জুন, ৬৫ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্ম সম্মান প্রদান করবেন।

৩) নানা কর্মসূচীর মধ্য দিয়ে আজ পালিত হচ্ছে বিশ্ব পরিবেশ দিবস। # প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, পরিবেশমন্ত্রী সহ অন্যান্যরা দেশবাসীর উদ্দেশ্যে শুভেচ্ছা জানিয়েছেন।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক গুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের সূচনা ও শিলান্যাসের কর্মসূচী নিয়ে আজ গুজরাট ও দমন সফর করবেন।

৫) মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন পশ্চিম এশিয়ায় উত্তেওনা প্রশমনের লক্ষ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র হিজবুল্লার সঙ্গে সরাসরি যোগাযোগ রাখছে।

৬) পুরুষদের অনূর্দ্ধ-১৮ এশিয়া কাপ হকি প্রতিযোগিতার সেমিফাইনালে ভারত পাকিস্তানের মুখোমুখি হবে।

*************************************************************************

রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া, চলতি অর্থবর্ষে এই নিয়ে টানা দ্বিতীয়বার সুদের হার অপরিবর্তিত রেখেছে। চলতি অর্থবর্ষের দ্বিতীয় দ্বিমাসিক মুদ্রানীতি ঘোষণা করার সময় আজ আরবিআই গভর্নর সঞ্জয় মালহোত্রা বলেন, মুদ্রানীতি কমিটি (এমপিসি) সর্বসম্মতিক্রমে স্বল্পমেয়াদী ঋণের হার বা রেপো রেট ৫ দশমিক ২/৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

( BYTE- MALHOTRA)

আরবিআই বর্তমান অর্থবর্ষের জিডিপি বৃদ্ধির পূর্বাভাস ৬ দশমিক ৯ শতাংশ থেকে কমিয়ে ৬ দশমিক ৬ শতাংশ করেছে। সিপিআই মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রাও ৪ দশমিক ৬ শতাংশ থেকে বাড়িয়ে ৫ দশমিক ১ শতাংশ করেছে আর বি আই।

ভারতীয় মুদ্রার বিনিময় হারের বিষয়ে আরবিআই গভর্নর বলেন, এই বিনিময় হার বিশ্ব বাজারের ওপরেই নির্ভর করে।

আরবিআই প্রবাসী এবং অনাবাসী ভারতীয় এবং অন্যান্য যোগ্য বিদেশী বিনিয়োগকারীদের জন্য শেয়ার বাজারে বিনিয়োগের সুযোগ আরও বৃদ্ধি করেছে।

প্রাতিষ্ঠানিক বৈদেশিক বিনিয়োগকারীর জন্য সরকারি সিকিউরিটিতে বিনিয়োগের ওপর মূলধনী লাভ এবং সুদের আয়কে কর থেকে ছাড় দেওয়া হয়েছে। চলতি বছরের ১-লা এপ্রিল থেকে তা কার্যকর হবে।

***************************

আজ বিশ্ব পরিবেশ দিবস। পৃথিবীতে প্রাণের অস্তিত্ব রক্ষার স্বার্থে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে, রাষ্ট্রসংঘের পরিবেশ কর্মসূচির অংশ হিসেবে বিশ্বজুড়ে ১৯৭৩ সাল থেকে প্রতি বছর ৫ই জুন পালিত হয়ে আসছে বিশ্ব পরিবেশ দিবস।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'এক পেড় মা কে নাম' অর্থাৎ 'মায়ের নামে একটি গাছ'-এর মতো উদ্যোগগুলি প্রতি বছর প্রায় ১ লক্ষ ১০ হাজার হেক্টর বনভূমি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আজ শ্রী মোদী পরিবেশ সংরক্ষণে উৎসাহী সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে দেওয়া একাধিক

পোস্টে তিনি উল্লেখ করেন, এই দিনটি পরিবেশ রক্ষা এবং সুস্থায়ী উন্নয়নকে আরও সুদৃঢ় করার সুযোগ করে দেয়।। তিনি গত এক দশক ধরে সরকারের এমন অসংখ্য উদ্যোগের কথা তুলে ধরেন, যার ফলে দেশে সবুজায়নের পরিধি যেমন বেড়েছে, তেমনই বেশ কিছু বন্যপ্রাণীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে।

প্রধানমন্ত্রী জানান, 'এক পৃথিবী, এক পরিবার ও এক ভবিষ্যৎ' নীতিতে উদ্বুদ্ধ হয়ে ভারত 'মিশন লাইফ' (Mission LiFE)-এর চেতনায় একটি পরিচ্ছন্ন, সবুজ এবং সুন্দর পৃথিবী গড়ে তোলার লক্ষ্যে কাজ করে যাবে।

**( বাইট-প্রধানমন্ত্রী )**

বিশেষ কিছু বন্যপ্রাণীর পুনরুজ্জীবনে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতির কথা তুলে ধরে প্রধানমন্ত্রী জানান— গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড বা গোডাবণ, তুষার চিতা, স্লথ বিয়ার (ভল্লুক) এবং চিতাবাঘ সংরক্ষণের বিষয়গুলিই প্রমাণ করে যে, ধারাবাহিক প্রচেষ্টা কীভাবে বন্যপ্রাণী ও বাস্তুতন্ত্রকে বাঁচাতে পারে।

***************************

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদব আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বলেন, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে প্রকৃতিই আমাদের সবচেয়ে বড় সহযোগী। প্রতিটি বৃক্ষরোপণ এবং প্রতিটি সুস্থায়ী পদক্ষেপ দেশের সম্মিলিত ভবিষ্যৎকে আরও শক্তিশালী করে তোলে।

সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিশ্বের তৃতীয় বৃহত্তম পুনরনবীকরণ যোগ্য শক্তি উৎপাদন ক্ষমতা গড়ে তুলে, ন্যাশনাল গ্রিন হাইড্রোজেন মিশন তৈরি করে এবং সৌরশক্তির মাধ্যমে লক্ষ লক্ষ বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করে পরিবেশ সুরক্ষাকে একটি বিশ্বব্যাপী আন্দোলনে পরিণত করেছেন।

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েলও আজ দেশজুড়ে পরিবেশ রক্ষা এবং সবুজায়নের পরিধি বাড়ানোর লক্ষ্যে সচেতনতা বৃদ্ধির ওপর জোর দিয়েছেন। বিশ্ব

পরিবেশ দিবস উপলক্ষে শ্রী গোয়েল তিরুমালার শ্রী ভেঙ্কটেশ্বর স্বামী মন্দিরে পুজো দেন এবং পরে ‘এক পেড় মা কে নাম’ অভিযানের আওতায় একটি চারাগাছ রোপণ করেন।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ বলেন, পরিবেশ কেবল আমাদের অস্তিত্বের ভিত্তিই নয়, বরং একে সুরক্ষিত রাখা ভবিষ্যৎ প্রজন্মের প্রতি আমাদের সবচেয়ে বড় দায়িত্বও বটে। সংসদ চত্বরের সবুজায়ন, পরিচ্ছন্ন পরিবেশ, কাগজবিহীন (ডিজিটাল) কাজ পরিচালনা, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক (সিঙ্গেল-ইউজ প্লাস্টিক) বর্জন ইত্যাদি বিষয়েও জোর দেন তিনি।

***************************

সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও গতকাল থেকেই শুরু হয়েছে নানা অনুষ্ঠান। এবারের মূল ভাবনা **“প্রকৃতির প্রেরণায়: জলবায়ু ও আমাদের ভবিষ্যতের জন্য”**। সকালে বিধান নগর বাইপাসে নলবনে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে রাজ্যের বিদ্যালয়গুলির পাঠ্যসূচীতে পরিবেশ ও বৃক্ষরোপনের বিষয়টি অন্তর্ভূক্ত করা হবে বলে জানান। তিনি বলেন, শুধু বৃক্ষরোপণই নয়, তা যাতে মহিরুহে পরিণত হয়, তাও নিশ্চিত করা উচিত। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়ার্ক এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউটে পরিবেশ দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল, স্বপন দাশগুপ্ত প্রমূখ।

***************************

মোহালি ও অমৃতসর জেলার অপরাধমূলক মামলার সঙ্গে যুক্ত সন্ত্রাসবাদী এবং মাদক চোরাচালানের বিরুদ্ধে অভিযানে এক আফগান নাগরিক সহ চারজন অভিযুক্তকে গ্রেফতার করেছে পাঞ্জাব পুলিশ। এই ঘটনায় দুই কিশোরকেও আটক করা হয়েছে। পুলিশ সূত্রের খবর, অভিযুক্তদের কাছ থেকে পাঁচটি পিস্তল, এক কেজিরও বেশি হেরোইন এবং মাদক বিক্রির নগদ পাঁচ লাখ টাকা উদ্ধার করা হয়েছে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ গুজরাট ও দমন সফর করবেন। সুরাটে তিনি সড়ক, বিদ্যুৎ এবং শিল্প ক্ষেত্রের অন্তর্ভুক্ত ১৮ হাজার ৮০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। শ্রী মোদী সুরাটে ২০০ শয্যাবিশিষ্ট একটি ESIC হাসপাতালেরও উদ্বোধন করবেন, যা বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে আধুনিক মানের স্বাস্থ্যসেবা প্রদান করবে। এছাড়া প্রধানমন্ত্রী গুজরাট সরকারের বেশ কিছু গুরুত্বপূর্ণ উদ্যোগেরও উদ্বোধন করবেন,এর মধ্যে রয়েছে আধুনিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন এবং দাহেজ পেট্রোলিয়াম এলাকায় বর্জ্য নিষ্কাশন ও পরিশোধন সংক্রান্ত উন্নত পরিকাঠামো।

প্রধানমন্ত্রী মোদী আজ সন্ধ্যায় দমন সফর করবেন এবং প্রায় ২ হাজার ৯৭০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা, অসামরিক বিমান চলাচল, পর্যটন, পরিকাঠামো, যোগাযোগ ব্যবস্থা এবং জনকল্যাণসহ বিভিন্ন ক্ষেত্রের প্রকল্প। প্রধানমন্ত্রী প্রায় ১ হাজার ৩৪০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও উৎসর্গ করবেন; এর মধ্যে রয়েছে 'নামো বিমানবন্দর'-এর নতুন টার্মিনাল ভবন এবং 'নামো হাসপাতাল'।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের ডিজিটাল পরিকাঠামোগত যাত্রা এক অনন্য গতি লাভ করেছে। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেন, 'এয়ারট্রাঙ্ক' সংস্থা ভারতে প্রায় তিন লক্ষ কোটি টাকা বিনিয়োগ করে পাঁচ গিগাওয়াট ক্ষমতা সম্পন্ন ডেটা সেন্টার তৈরি করার পরিকল্পনা করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, এধরনের বিনিয়োগ ক্লাউড কম্পিউটিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভারতের অবস্থানকে আরও শক্তিশালী করবে।

*************************

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ CBSE-তে, দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের কাছ থেকে নম্বর যাচাইয়ের জন্য ৭ হাজার ৩ শো ১৪টি এবং পুনর্মূল্যায়নের জন্য ৬৩ হাজারেরও বেশি

আবেদন জমা পড়েছে। উত্তরপত্রের স্ক্যান কপির ত্রুটি যাচাই এবং উত্তর পুনর্মূল্যায়নের জন্য সিবিএসই গত মঙ্গলবার এই অনলাইন পোর্টাল চালু করে।

উল্লেখ্য, গত ১৩ই মে দ্বাদশ শ্রেণীর ফলাফল প্রকাশের পর, পরীক্ষার্থীদের একাংশ প্রাপ্ত নম্বর নিয়ে অসন্তোষ প্রকাশ করে।

এদিকে, শিক্ষার্থীদের আস্থা ফিরে পেতে সিবিএসই-এর চেয়ারম্যান রাহুল সিং এবং সিবিএসই-এর সচিব হিমাংশু গুপ্তাকে বদলি করা হয়েছে। প্রশান্ত লোখান্ডে সিবিএসই-এর নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েছেন।

***************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, লেবানন এবং সমগ্র পশ্চিম এশিয়ায় উত্তেজনা কমানোর জন্য মার্কিন যুক্তরাষ্ট্র হিজবুল্লাহর সঙ্গে সরাসরি যোগাযোগ রাখছে। হোয়াইট হাউস থেকে দেওয়া এক বিবৃতিতে ট্রাম্প বলেন, লেবাননে হিংসা কমিয়ে আনার লক্ষ্যে আলোচনায় অগ্রগতি হয়েছে। লেবানন বহু বছর ধরে অস্থিরতা ও সংঘাতের মধ্য দিয়ে যাচ্ছে, তবে অবশেষে তারা শান্তি ফিরে পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি জানান যে, এই বিষয়টি নিয়ে তিনি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এবং এই অঞ্চলের অন্যান্য নেতাদের সঙ্গে আলোচনা করেছেন। ট্রাম্প হিজবুল্লাহর সঙ্গে সরাসরি কথা বলার বিষয়টিও নিশ্চিত করেন।

***************************

মার্কিন রাষ্ট্রপতি ডনাল্ড ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের আলোচনা অব্যাহত রয়েছে। তবে তিনি জোর দিয়ে বলেছেন, যেকোনো চুক্তিতে পৌঁছতে হলে ইরানকে স্থায়ীভাবে পারমাণবিক কর্মসূচী বর্জন করতে হবে। হোয়াইট হাউসে ট্রাম্প বলেন, পারমাণবিক অস্ত্র প্রসার রোধই মার্কিন প্রশাসনের মূল লক্ষ্য।

ইরানের পারমাণবিক স্থাপনাগুলিতে চালানো মার্কিন হামলার পক্ষে যুক্তি দিয়ে তিনি বলেন, ওই এলাকাগুলি ধ্বংস করা হয়েছে। পাশাপাশি, মার্কিন সেনাদের লক্ষ্য করে হামলা তার উপযুক্ত জবাব দেওয়া হবে।

***************************

ওমান সে দেশের প্রধান অপরিশোধিত তেল রপ্তানি টার্মিনাল 'মিনা আল ফাহাল'-এ ভয়াবহ বিস্ফোরণের পর, জাহাজে তেল তোলার কাজ স্থগিত করেছে। এই বিস্ফোরণ একটি ড্রোন হামলার কারণে ঘটেছে বলে মনে করা হচ্ছে। তবে ওমান কর্তৃপক্ষ সরকারিভাবে কোনও বিবৃতি দেয়নি।

উল্লেখ্য, মাসকাটের কাছে অবস্থিত মিনা আল ফাহাল ওমানের প্রধান অপরিশোধিত তেল রপ্তানি টার্মিনাল। সে দেশের সিংহভাগ তেল রপ্তানি এই টার্মিনালের মাধ্যমেই সম্পন্ন হয়।

***************************

নতুন দিল্লিতে ভারত-জিম্বাবোয়ে যৌথ প্রতিরক্ষা কমিটির উদ্বোধনী বৈঠকে, গতকাল দুই দেশই দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদার করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। বৈঠকে যৌথ সভাপতিত্ব করেন প্রতিরক্ষা মন্ত্রকের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগের যুগ্ম সচিব অমিতাভ প্রসাদ এবং জিম্বাবোয়ের স্থায়ী সচিব অ্যারন ড্যানিয়েল টোন্ডে নেপেরা । প্রতিরক্ষা ক্ষেত্রে সহায়তা ও রক্ষণাবেক্ষণের মতো বিষয়গুলিতে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সম্পর্ক জোরদার করতে ভারত ও জিম্বাবোয়ে সম্মতি জানিয়েছে। এছাড়া, যৌথ উৎপাদন, সন্ত্রাস দমন, সীমান্ত সুরক্ষা এবং শান্তিরক্ষার মতো নতুন নতুন বিষয়ে পারস্পরিক সহযোগিতার উপায় নিয়েও তারা আলোচনা করেন। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, 'এরো ইন্ডিয়া ২০২৫'-এ দুই দেশের প্রতিরক্ষামন্ত্রীদের স্বাক্ষরিত প্রতিরক্ষা সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক-এর চুক্তি গুলো বাস্তবায়নের যে উদ্যোগ দুই দেশ নিয়েছে, তারফলে দুই দেশের সম্পর্ক আরো মজবুত হয়েছে।

***************************

ধারাবাহিক মূল্যস্ফীতি, দুর্বল রাজস্ব সংগ্রহ, ব্যাংকিং খাতের দুর্বল পরিস্থিতি এবং জ্বালানির দাম বৃদ্ধির কারণে বাংলাদেশের অর্থনীতি সমস্যার মুখোমুখি হচ্ছে। বাংলাদেশের একটি

শীর্ষস্থানীয় বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান 'সেন্টার ফর পলিসি ডায়ালগ' ঢাকায় এই সতর্কবার্তা জারি করেছে।

সিপিডি-র কার্যনির্বাহী আধিকারিক ফাহমিদা খাতুন বলেন, মুদ্রাস্ফীতি বর্তমানে এক উদ্বেগের বিষয়। সিপিডি উল্লেখযোগ্য রাজস্ব ঘাটতি এবং উন্নয়ন প্রকল্পগুলির ধীরগতির দিকেও ইঙ্গিত করেছে।

*************************

অনূর্ধ্ব-১৮ পুরুষ এশিয়া কাপ হকি প্রতিযোগিতার সেমিফাইনালে আজ চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের মুখোমুখি হচ্ছে ভারত। জাপানের কাকামিগাহারা হকি স্টেডিয়ামে এই খেলা হবে। 'পুল এ'-তে নয় পয়েন্ট নিয়ে লীগ টেবিলের দ্বিতীয় স্থানে শেষ করে শেষ চারে জায়গা করে নিয়েছে ভারত।

অন্যদিকে, প্রতিযোগিতায় ভালো পারফরম্যান্স দেখিয়েছে পাকিস্তানও। এই ম্যাচের জয়ী দল ফাইনালে পৌঁছাবে। সেখানে তারা জাপান অথবা 'পুল বি'-র শীর্ষ দলের মুখোমুখি হবে।

**************************************************************